



আবরার-ওসমান হাদির পথ অনুসরণের আহ্বান নাহিদ ইসলামের



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

তরুণদের সত্য ও ন্যায়ের পথে দৃঢ় থাকার আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। শহীদ আবরার ফাহাদ ও শরীফ ওসমান হাদির কথা স্মরণ করে তিনি এ আহ্বান জানান।

বুধবার (৭ অক্টোবর) সন্ধ্যায় রাজধানীর ভাটারায়া আত তাকওয়া ইন্টারন্যাশনাল ক্যাডেট মাদ্রাসায় ‘৬ষ্ঠ জাতীয় হিফযুল কুরআন প্রতিযোগিতা’র সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, মাদ্রাসা শিক্ষার সঙ্গে যুক্ত শিক্ষক-শিক্ষার্থীরা আগের সরকারের সময়ে নানা ধরনের বৈষম্য ও চাপের মুখে ছিলেন। রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা থেকে তাদের দূরে রাখার পাশাপাশি বিভিন্নভাবে হয়রানি ও মানসিক চাপ দেওয়া হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, ভবিষ্যতে যেন এমন পরিস্থিতি আর তৈরি না হয়, সে জন্য দেশের মানুষকে ঐক্যবদ্ধ ও সচেতন থাকতে হবে। বৈষম্যহীন ও ইনস্যাফভিত্তিক বাংলাদেশ গড়তে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি।

সমাজে মূল্যবোধের অবক্ষয় ঠেকাতে আলেম ও ধর্মীয় ব্যক্তিত্বদের আরও সক্রিয় হওয়ার আহ্বান জানিয়ে নাহিদ ইসলাম বলেন, নৈতিকতা ফিরিয়ে আনতে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।